গাংনীর কাজীপুরে জমি নিয়ে বিরোধ প্রতিপক্ষের হামলায় বাবা-ছেলে জখম

মেহেরপুরের গাংনী উপজেলার কাজীপুর গ্রামে শরিকানা জমি দখল নিয়ে দ্বন্দ্বের জের ধরে হামলার ঘটনা ঘটেছে। এ ঘটনায় বাবা ও তার ছেলে রক্তাক্ত জখম হয়েছেন। জখমকৃতরা হলেন-কাজীপুর গ্রামের হাজীপাড়ার মৃত হেকমত আলীর ছেলে আবুল কালাম (৫০) ও তার ছেলে সাগর আলী (১৭)।

তবে অন্যপক্ষের একই পাড়ার আব্দুল খালেক এর স্ত্রী আসমা খাতুন
(৪৫) আহত হয়েছেন বলে দাবি করেছে তার পরিবার। গতকাল মঙ্গলবার সকালে কাজীপুর গ্রামে এ ঘটনা ঘটে। আহতরা গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে চিকিৎসা নিচ্ছেন।

আহত আবুল কালাম জানায়, কাজীপুর গ্রামের আব্দুল খালেক শরিকানা সোয়া ১ শতক ও ক্রয়কৃত ২শতক জমি মিলে সোয়া ৩শতক জমিতে বসবাস করার জন্য ঘর নির্মাণ করছেন। শরিকদের কাছ থেকে একদাগে জমি বুঝে ও ক্রয় করে ঘর নির্মাণ করে আসছিলেন খালেক । ইতোমধ্যে ওই দাগের আরো কয়েক শতক জমি অন্যের কাছে গোপনে বিক্রি করেন খালেক। বিক্রি করা জমি ক্রেতাকে বুঝে দেয়ার সময় খালেক এর ভাই আবুল কালাম তাতে বাঁধা দেয়। এসময় খালেক ও তার ছেলেসহ ভাড়াটিয়া লোক দিয়ে কালাম ও তার ছেলে সাগরকে পিটিয়ে রক্তাক্ত জখম করেন। এসময় রক্তাক্ত বাবা- ছেলেকে স্থানীয়রা উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন।

আহত আবুল কালাম আরও জানান,খালেক তার গুন্ডা দিয়ে আমাকে হত্যার উদ্দেশ্যে হামলা করেছিলেন। আমি ও আমার ছেলে কোন রকম প্রাণে বেঁচে গিয়েছি । এলাকার কিছু ক্যাডার দ্বারা খালেক জোরপূর্বক জমি দখলের চেষ্টা করছেন।

এদিকে, আহত আবুল কালাম মামলা করার প্রস্তুতি নিচ্ছেন বলে জানা গেছে।

এ বিষয়ে আব্দুল খালেক এর পরিবার জানায়,আমাদের শরিকানা জমি বিক্রি করেছি। যার বৈধ্যতা রয়েছে। এবং কালামের লোকজনই আমাদের উপর হামলা করেছে।